

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৩৪

२४/ (प्रांश (کتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/২, রাস্লুল্লাহ 🎉 \_এর দোয়া

بَابِ دُعَاءِ رَسُولِ اللهِ عَلَيْكِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ يَزِيدَ الرَّقَاشِيّ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يُكْثِرُ أَنْ يَقُولَ " اللَّهُمَّ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ " . فَقَالَ رَجُلُ يَا رَسُولَ اللَّهِ تَخَافُ عَلَيْنَا وَقَدْ آمَنَّا بِكَ وَصَدَّقْنَاكَ بِمَا قَلْبِي عَلَى دِينِكَ " . فَقَالَ رَجُلُ يَا رَسُولَ اللَّهِ تَخَافُ عَلَيْنَا وَقَدْ آمَنَّا بِكَ وَصَدَّقْنَاكَ بِمَا جَبْتَ بِهِ فَقَالَ " إِنَّ الْقُلُوبَ بَيْنَ إِصْبَعَيْنِ مِنْ أَصَابِعِ الرَّحْمَنِ عَزَّ وَجَلَّ يُقَلِّبُهَا " . وَأَشَارَ الأَعْمَشُ بإصنبَعَيْهِ .

#### বাংলা

ে/৩৮৩৪। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যাপ্ত পরিমাণে বলতেনঃ "হে আল্লাহ! আমার অন্তরকে তোমার দীনের উপর প্রতিষ্ঠিত রাখো"। এক ব্যক্তি বলেন, হে আল্লাহর রাসূল! আমাদের ব্যাপারে আশংকা করেন? আমরা তো আপনার উপর ঈমান এনেছি এবং আপনি যা নিয়ে এসেছেন সেই বিষয়ে আমরা আপনাকে সত্যবাদী বলে স্বীকার করে নিয়েছি। তিনি বলেনঃ অন্তরসমূহ মহামহিমান্বিত করুণাময়ের দু' আংগুলের মাঝে অবস্থিত। তিনি সেগুলোকে ওলট-পালট করেন। আ'মাশ (রাঃ) তার দু' আংগুল দ্বারা ইশারা করেন।

## **English**

It was narrated that Anas bin Malik said:

"The Messenger of Allah (saas) often used to say: 'Allahumma thabbit qalbi 'ala dinika [O Allah, make my heart steadfast in (adhering to) Your religion].' A man said: 'O Messenger of Allah! Do you fear for us when we have believed in you and in (the Message) that you have brought?' He said: 'Hearts are between two of the fingers of the Most Merciful, and He controls them.'" (Hasan)Al-A'mash (one of the narrators) indicated with his fingers.



## ফুটনোট

তিরমিয়ী ২১৪০, আয় যিলাল ২২৫, তাখরীজুল ঈমান লি ইবনু শায়বাহ ৫৫-৫৮। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইয়াযীদ আর-রাকশী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি মিথ্যার সাথে অভিযুক্ত। আবু বকার আল-বুরকানী বলেন, তিনি দুর্বল। আবু বকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দলীলযোগ্য নয়, তা প্রত্যাখ্যানযোগ্য। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৯৫৮, ৩২/৬৪ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াযীদ আর-রাকশী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৩৮৪ টি শাহিদ হাদিস রয়েছে, ৩ টি জাল, ৪১ টি খুবই দুর্বল, ১৩৪ টি দুর্বল, ৯৯ টি হাসান, ১০৭ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ২৬৫৭, তিরমিযি ২১৪০, ৩৫২২, ৩৫৮৭, আহমাদ ৬৫৩৩, ৬৫৭৩, ৯১৩৯, ১১৬৯৭, ১৩২৮৪, ১৭১৭৮, মুজামুল আওসাত ১৫৩০, ২৩৮১, ৫৩৩০, ৮৭১২, ৯৪৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন